

## ■■ হজে প্রদত্ত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ফাতাওয়া

বিভাগ/অধ্যায়ঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রদত্ত ফাতাওয়াসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ফাতওয়া: ২৮

জনৈক সাহাবী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করেন, হে আল্লাহর রাসূল আমরা কোখেকে ইহরাম বাঁধবো? তিনি বলেন: মদিনাবাসীরা যুল হুলাইফা থেকে, শামবাসীরা জুহফাহ থেকে, নাজদবাসীরা কারন থেকে ও ইয়ামানবাসীরা ইয়ালামলাম থেকে"।[1] তিরমিয়ী ইবন উমার থেকে হাদীসটি বর্ণনা শেষে বলেন, হাসান ও সহীহ।

## ফুটনোট

[1] মীকাতসমূহের পরিচিতি: যুল হুলাইফা: মক্কা থেকে ৪২০ কিলোমিটার দূরে অবস্থিত। বর্তমান আবইয়ারে আলী নামে জায়গাটি পরিচিত। মদীনাবাসী ও এই পথ দিয়ে যারা মক্কায় আসেন যুল হুলাইফা তাদের মীকাত। জুহুফাহ: এই স্থানটি বর্তমান পরিত্যক্ত হওয়ায় রাবেগ থেকে ইহরাম বাঁধা হয়। মক্কা থেকে রাবেগের দূরত্ব ১৮৬ কিলোমিটার। সৌদি আরবের উত্তরাঞ্চলীয় এলাকার লোকজন, পশ্চিম ও উত্তর আফ্রিকার লোকজন, লেবানন, সিরিয়া, জর্ডান ও ফিলিস্তিনিরা এই জায়গা থেকে ইহরাম বাঁধেন। কারনুল মানাযিল: এই জায়গার দ্বিতীয় নাম 'আসসাইলুল কাবির'। মক্কা থেকে এর দূরত্ব ৭৮ কিলোমিটার। ইরাক, ইরান ও অন্যান্য উপসাগরীয় অঞ্চলের লোকদের মীকাত এই কারনুল মানাযিল। ইয়ালামলাম: মক্কা থেকে এর দূরত্ব ১২০ কিলোমিটার। ইয়ামান, পাক, ভারত ও বাংলাসহ প্রাচ্য ও দূরপ্রাচ্য থেকে জলপথে আগমনকারীদের মীকাত এই ইয়ালামলাম। অনুবাদক।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=10551

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন